

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯৯২(আগরতলা, ১৪।৬)

করবুক, ১৪ জুন ২০১৮

### করবুকে শিশু শ্রমিক বিরোধী দিবস উদযাপন

উদয়পুর চাইল্ড লাইন-এর উদ্যোগে এবং করবুক ব্লকের সহযোগিতায় গত ১২ জুন ব্লকের বি এ সি হলে বিশ্ব শিশু শ্রমিক বিরোধী দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে করবুক মহকুমা শাসক বিশ্বজিৎ পাল শিশু শ্রমিক সনাক্তকরণের পাশাপাশি শিশু শ্রম রোধ এবং পূর্ণবাসনের ক্ষেত্রে সক্রিয় ভূমিকা গ্রহণ করার জন্য উদয়পুর চাইল্ড লাইনের কাজের প্রশংসা করেন। তিনি ছাত্র-ছাত্রীদেরকে সামাজিক কাজে আরও বেশী করে সদর্থক ভূমিকা গ্রহণ করার জন্য পরামর্শ দেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে করবুক শ্রম পরিদর্শক নিলোৎপল রিয়াং, সি ডি পি ও জন্মোজয় চাকমা, চাইল্ড লাইন উদয়পুর শাখার প্রতিনিধি রুমন চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন করবুক ব্লক আধিকারিক (ভারপ্রাপ্ত) অভিজিৎ দাস।

অনুষ্ঠানের শুরুতে পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক র্যালি করবুক বাজার এলাকার বিভিন্ন পথ পরিক্রমা করে মহকুমা শাসকের কার্যালয়ে এসে সমাপ্ত হয়।

\*\*\*\*\*